**প্রেস রিলিজ**
তারিখ: ১৭ জুলাই ২০২৬

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে Professional Development Training-এর মাসিক মেস নাইট অনুষ্ঠিত

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) তত্ত্বাবধানে Higher Education Acceleration & Transformation (HEAT) Project-এর আওতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে পরিচালিত চার (০৪) মাসব্যাপী Professional Development Training (PDT)-এর অংশ হিসেবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মাসিক Mess Night অনুষ্ঠিত হয়েছে।

উল্লেখ্য, গত ২৬ এপ্রিল ২০২৬ থেকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তৃতীয় ও চতুর্থ ব্যাচে বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মোট ৬০ জন শিক্ষককে নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় বুধবার (১৫ জুলাই ২০২৬) সন্ধ্যা ৭:৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের লেকচার গ্যালারিতে প্রশিক্ষণার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মাসিক মেস নাইট অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান উচ্চশিক্ষা ব্যবস্থায় একজন শিক্ষকের দায়িত্ব কেবল পাঠদানেই সীমাবদ্ধ নয়; বরং প্রশাসনিক, আর্থিক, গবেষণা এবং প্রকল্প ব্যবস্থাপনাসহ বহুমাত্রিক দায়িত্ব দক্ষতার সঙ্গে পালন করতে হয়। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষকতার শুরু থেকেই ধারাবাহিক পেশাগত উন্নয়নমূলক প্রশিক্ষণের কোনো বিকল্প নেই।

তিনি তাঁর কর্মজীবনের শুরুতে প্রাপ্ত প্রশিক্ষণের অভিজ্ঞতা তুলে ধরে বলেন, সেই প্রশিক্ষণ তাঁর প্রশাসনিক ও পেশাগত দক্ষতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, মধ্যম পর্যায়ের একাডেমিক প্রশাসক এমনকি উপাচার্যদের জন্যও নিয়মিত ও যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা থাকা প্রয়োজন। এ লক্ষ্যে ইউজিসি যে সময়োপযোগী উদ্যোগ গ্রহণ করেছে, তা দ্রুত বাস্তবায়িত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মাননীয় উপাচার্য প্রশিক্ষণার্থীদের পারস্পরিক সহযোগিতা, সৌহার্দ্য ও পেশাগত নেটওয়ার্ক আরও সুদৃঢ় করার আহ্বান জানান। তিনি প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতা নিজ নিজ বিশ্ববিদ্যালয়ে প্রয়োগের মাধ্যমে দেশের উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়নে কার্যকর ভূমিকা রাখার প্রত্যাশা ব্যক্ত করেন। শেষে তিনি সকলের সুস্বাস্থ্য, সাফল্য ও সমৃদ্ধ ভবিষ্যৎ কামনা করেন।

HEAT Project-এর প্রকল্প পরিচালক অধ্যাপক ড. আসাদুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠান প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন HEAT Project-এর ডিন (একাডেমিক) অধ্যাপক ড. লায়লা নূর ইসলাম এবং বাউবি আইকিউএসি-এর পরিচালক ও প্রশিক্ষণ প্রোগ্রামের কোর্স পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন HEAT Project-এর উইং ম্যানেজার (Research Coordination Specialist) অধ্যাপক ড. মোহাম্মাদ মনিনুর রশিদ এবং আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক ড. মো. জাকির হোসেন তালুকদার।

মেস নাইটে প্রশিক্ষণার্থীরা পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়, সৌহার্দ্য ও পেশাগত বন্ধন সুদৃঢ় করার পাশাপাশি উচ্চশিক্ষায় গুণগত মানোন্নয়নে ধারাবাহিক প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠান শুরুর পূর্বে প্রশিক্ষণরত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়, যা অনুষ্ঠানে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)